REG. NO. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের অগ্রিম বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। মফঃস্বল মূল্য ... বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় বিজ্ঞাপনদাতার বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া জানিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করুগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সত্বর দরের জন্য পত্র লিখুন।

নিরঞ্জন গুপ্ত কোং লিঃ

ম্যানেজিং ডিরেক্টার :—

শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।

২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট

কলিকাতা।

২৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৫শে মাঘ বুধবার ১৩৪৫ ইংরাজী 8th February 1939 | ৩৫শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৪ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম আর সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এম-আর সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষৎ এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশ সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲ ; ৩টী একত্রে ৫॥০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লাগন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

বাঙলার ও বাঙালীর নিজস্ব প্রতিষ্ঠান

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

নূতন বীমা

(১৯৩৭-৩৮)

৩ কোটি টাকার উপর

—বোনাস—

প্রতি বৎসর প্রতি হাজারে

মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

চলতি বীমা	...	১৪ কোটি ৬০ লক্ষের উপর	
বীমা তহবিল	...	২ " ৬৭ লক্ষের	"
মোট সংস্থান	...	২ " ৯৭ "	"
প্রিমিয়াম আয়	...	... ... ৬৯ "	"
দাবী শোধ	...	১ কোটি ৬০ "	"

হেড আফিস—হিন্দুস্থান বিলডিংস, কলিকাতা

ব্রাঞ্চ—বোম্বে, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।

সাব অফিস :—কৃষ্ণনগর, নদীয়া।

ব্রজশশী

আয়ুর্ব্বেদ ভবন

যথাসম্ভব সুলভে সম্পূর্ণ বিশুদ্ধ ও অকৃত্রিম আয়ুর্ব্বেদীয় ঔষধ প্রাপ্তির ও চিকিৎসার বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান।

(স্থাপিত—সন ১৩০২ সাল।)

ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রতিষ্ঠাতা ও চিকিৎসক—

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায় বি-এ, কবিরত্ন

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ।

২৫শে মাঘ বুধবার সন ১৩৪৫ সাল

জঙ্গিপুর কৃষি-শিল্প প্রদর্শনী

পূর্ব্বে উপর্য্যুপরি তিন বৎসর উক্ত প্রদর্শনীর অধিবেশন হইয়াছিল। দেশের অবস্থা বিপর্য্যয়ে কয়েক বৎসর উহার অধিবেশন বন্ধ ছিল। বর্ত্তমান বৎসরে প্রদর্শনীর চতুর্থ বার্ষিক অধিবেশন সুসম্পন্ন হইল। গত ৫ই ফেব্রুয়ারী মুর্শিদাবাদের জনপ্রিয় সুযোগ্য ম্যাজিষ্ট্রেট রায় জে, পি, রায় বাহাদুর, এম-এ, মহোদয় প্রদর্শনীর দ্বার উদ্ঘাটন করিয়াছেন। ম্যাজিষ্ট্রেট বাহাদুর প্রদর্শনী ক্ষেত্রে আগমন করা মাত্র প্রদর্শনীর দ্বারদেশে স্থানীয় রাজপুরুষগণ ও স্থানীয় গণ্যমান্য ভদ্রমহোদয়গণ কর্ত্তৃক অভ্যর্থিত হন।

প্রথমে একটা উদ্বোধন সঙ্গীত গীত হয়, তৎপরে প্রদর্শনী সমিতির সভাপতি শ্রীযুক্ত দ্বিজপদ চট্টোপাধ্যায় মহাশয় তাঁহার অভিভাষণ পাঠ করেন। ম্যাজিষ্ট্রেট বাহাদুর তাঁহার বক্তৃতায় এইরূপ প্রদর্শনীর প্রয়োজনীয়তা ও উপকারিতা বিশেষভাবে বুঝাইয়া দেন এবং মহকুমার কৃষিজীবিগণকে ভূমির উৎকর্ষ অনুসারে ধান, বাদাম, কার্পাস প্রভৃতি আয়কর ফসলের চাষ করিবার পরামর্শ দেন। তিনি প্রত্যেক গৃহস্থকেই গবাদি পশুর খাদ্যের জন্য কতক কতক জমিতে নেপিয়ার ঘাস, জোয়ার, কলমা প্রভৃতির চাষ করিতে বলেন। উপযুক্ত খাদ্য না পাইলে গবাদি পশু দিন দিন দুর্ব্বল হইয়া পড়িলে তখন চাষ আবাদের বিশেষ ক্ষতি হইবে।

ঢাকেশ্বরী কটন মিলের শ্রীযুক্ত সারদাচরণ চক্রবর্ত্তী মহাশয় কার্পাস চাষ ও তুলা সম্বন্ধে বক্তৃতা দেন এবং জঙ্গিপুর মহকুমার চাষীদিগকে কার্পাস চাষ করিতে উপদেশ দেন। ইহা যে একটী আয়কর ফসল তাহা তিনি হিসাব দেখাইয়া বিশেষভাবে বুঝাইয়া দেন। বাংলার মিল সমূহে তুলার খুব চাহিদা আছে। তুলা ভাল হইলে উচ্চ দরে বিক্রয় হইবে এ কথাও বলেন।

লাইভষ্টক অফিসার গোপালন ও মুরগী পালন সম্বন্ধে কতকগুলি উন্নত ধরণের নিয়ম অনুসারে কার্য্য করিতে উপদেশ দেন।

তিনি বলেন এই মহকুমার সুতী ও সমসেরগঞ্জ থানার অনেক গ্রাম হইতে বহু ডিম প্রত্যহ বোম্বাই, করাচী, কলিকাতা প্রভৃতি সহরে চালান হইতেছে। নূতন নিয়মে কার্য্য করিলে মুরগী প্রত্যেক মাসে অধিক সংখ্যক ডিম দিবে এবং তাহা হইলে লোকে অধিক লাভবান হইবে সন্দেহ নাই।

এগ্রিকালচার অফিসার মহোদয় 'তুধসর' 'ভাসামানিক' 'চার্ণক' প্রভৃতি ধান, বাদাম, আক, জোয়ার ইত্যাদি জিনিষের চাষ সম্বন্ধে বিশেষভাবে বক্তৃতা দেন। ভেটিনারী ইন্সপেক্টর শ্রীযুক্ত হেমন্তকুমার বসু মহাশয় গোপালন গো-দুগ্ধের উপকারিতা ও বর্ত্তমান সময়ে গো-সেবার ত্রুটি উল্লেখ করিয়া একটী হৃদয়গ্রাহী বক্তৃতা করেন। গো-জাতির উন্নতি না হইলে জাতির উন্নতির কোন সম্ভাবনা নাই ইহা বিশেষভাবে বুঝাইয়া দেন।

স্থানীয় মুন্সেফ শ্রীযুক্ত জনার্দ্দনপ্রসাদ মুখোপাধ্যায়, উকীল মৌলভী আমজাদ আলি, মৌলভী আবুল হোসেন, নিমতিতার রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর, কোটালপুকুরের মৌলভী মর্ত্তুজা রেজা চৌধুরী এম-এল-এ প্রভৃতি বক্তাগণ কৃষি ও গবাদি পশুর উন্নতি সম্বন্ধে বিশেষভাবে বলেন। প্রদর্শনী ক্ষেত্রে গুমানী ও বগন্তের প্রসিদ্ধ কবিগান ও আলকাপ হইয়াছিল।

প্রদর্শনীর উদ্যোক্তা জঙ্গিপুরের মহকুমা ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত সুধীন্দ্রকুমার সান্যাল মহাশয়কে আমরা আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

কাশিমবাজারে কাপড়ের কল

কাশিমবাজার রেল ষ্টেশনের পূর্ব্বদিকে বিস্তীর্ণ স্থানে কাশিমবাজারের দানশীল মহারাজা মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরের নামে একটী কাপড়ের কল খোলা হইবে তাহার জন্য গৃহ নির্ম্মাণ কার্য্য আরম্ভ হইয়াছে।

পারিতোষিক বিতরণ

গত ৬ই ফেব্রুয়ারী সোমবার প্রাতে ৮-৩০ ঘটিকার সময় মুর্শিদাবাদের সুযোগ্য জনপ্রিয় জেলা ম্যাজিষ্ট্রেট রায় জে, পি, রায় বাহাদুর এম-এ, মহোদয়ের সভাপতিত্বে রঘুনাথগঞ্জ এম, ই, স্কুলের পারিতোষিক বিতরণ কার্য্য সুসম্পন্ন হইয়াছে। সভায় জঙ্গিপুরের সাবডিভিসনাল আফসার শ্রীযুক্ত সুধীন্দ্রকুমার সান্যাল, পুলিশ ইন্সপেক্টর শ্রীযুক্ত গোপাল দত্ত, জেলা বোর্ডের ভাইস-চেয়ারম্যান শ্রীযুক্ত ধীরেন্দ্রনাথ রায় এবং সহরের বহু ভদ্রলোক উপস্থিত হইয়াছিলেন। জঙ্গিপুর মিউনিসিপ্যালটীর চেয়ারম্যান ও উকীল শ্রীযুক্ত দ্বিজপদ চট্টোপাধ্যায় ও সভাপতি মহাশয় বক্তৃতা প্রসঙ্গে ছাত্রগণকে নানাপ্রকার উপদেশ দেন এবং কমিটীর সভ্যগণ ও শিক্ষকগণকে কয়েকটী আবশ্যকীয় বিষয়ের নির্দ্দেশ দেন। বালকগণের আবৃত্তি, বক্তৃতা ও গান সুন্দর হইয়াছিল।

আয়কর বিভাগের নূতন উপায়

আয়কর বিভাগের নূতন উপায়ে আরও অধিক কর আদায় করিবার ব্যবস্থা করিবেন স্থির করিয়াছেন। যাহারা আয়কর ফাঁকি দেয় তাহাদিগকে কর দিতে বাধ্য করিবার জন্য হংলণ্ডের ন্যায় এক বিশেষ তদন্ত বিভাগ গঠনের জন্য যে প্রস্তাব হইয়াছে, তাহা ভারত গভর্ণমেণ্ট অনুমোদন করিয়াছেন। যাহাদের উপর কম আয়কর ধরা হইয়াছে বলিয়া সন্দেহ হইবে, তাহাদের হিসাব এই বিভাগ পরীক্ষা করিবে। এই বিভাগের প্রধান কার্য্য হইবে গভর্ণমেণ্টের আয় বাড়ান। উক্ত প্রস্তাব অনুসারে বোম্বাই প্রদেশে কার্য্য আরম্ভ হইয়াছে। তথায় আয়কর কমিশনারের সম-মর্য্যাদাসম্পন্ন একজন বিশেষ কর্ম্মচারী ও তাঁহার অধীন কয়েকজন কর্ম্মচারী নিযুক্ত হইয়াছেন। বোম্বাইয়ের পরীক্ষা সফল হইলে ভারতের প্রধান প্রধান কেন্দ্রে এরূপ আয়করের বিশেষ বিভাগ রাখা হইবে।

রেল দুর্ঘটনা

ইষ্ট ইণ্ডিয়ান রেলে ভ্রমণ ক্রমেই শঙ্কাপূর্ণ হইয়া উঠিতেছে। গত এক বৎসরের মধ্যে কয়েকটা গুরুতর দুর্ঘটনা ঘটিয়াছে। এখন কি পুনরায় প্রাচীন কালের ন্যায় একদেশ হইতে অপর দেশে যাইবার কালে ক্রন্দন রোলের মধ্যে শেষ বিদায় লইয়া রেলে উঠিতে হইবে? রেলে গমনকালে জীবন বীমা করিয়া ভ্রমণ আরম্ভ করিবার প্রয়োজন হইয়া পড়িয়াছে। এদেশে সেরূপ প্রাতষ্ঠান ও ব্যবস্থা এখনও হয় নাই

ত্রিবেণী স্নান

গত ২৩শে জানুয়ারী বুধবার প্রয়াগে ত্রিবেণী সঙ্গমে স্নানের শেষ তারিখ ছিল। এজন্য এদিন প্রায় ৩ লক্ষ যাত্রীর সমাগম হইয়াছিল।

কুমারীর আত্মহত্যা

গত ২১শে জানুয়ারী শনিবার বরানগর নিবাসী কুমারী তরু বন্দ্যোপাধ্যায় বেলা ৩টার সময় যখন বাটীর সকলে নিদ্রিত ছিল তখন নিজ কাপড়ে আগুন লাগাইয়া নিকটবর্ত্তী এক কূপের মধ্যে ঝাঁপ দিয়া পড়ে, এই সংবাদ সঙ্গে সঙ্গে পাড়ার সকল লোকের নিকট পৌঁছিলে অল্প সময় মধ্যে কূপের নিকট জনতা বৃদ্ধি পাইতে থাকে কিন্তু দুঃখের বিষয় কেহ কূপের মধ্যে নামিয়া বালিকাকে উদ্ধার করিতে সাহসী হয় না। এই সময়ে জলধর সরকার নামে এক সাহসী বালক জনতা দেখিয়া কারণ বুঝিতে পারিয়া নিজ জীবন বিপন্ন করিয়া কূপের মধ্যে ঝাঁপ দিয়া পড়িয়া বালিকাকে উদ্ধার করে এবং বরানগর পল্লীশ্রী-সমিতির শ্রীসুশীলকুমার ঘোষের সাহায্যে নিকটবর্ত্তী কাশীপুর হাসপাতালে পাঠাইয়া দেয়। তথায় পরদিন ৯টার সময় কুমারীর মৃত্যু হয়। মৃত্যুকালীন জবানবন্দীতে সে বলে যে, তাহার মৃত্যুর জন্য কেহ দায়ী নয়, সে স্বেচ্ছায় আত্মহত্যা করিয়াছে। তাহার মৃত্যুর কারণ এখনও জানা যায় নাই, জলধর সরকার ব্যায়াম সমিতির জনৈক সভ্য।

কন্যাপণ নিবারণ আইন

সিন্ধুর ব্যবস্থা পরিষদ কন্যাপণ দূর করিবার জন্য বিশেষ চেষ্টা করিতেছেন। এই জন্য উক্ত ব্যবস্থা পরিষদে একটী বিল আনীত হইয়াছে। সিন্ধুদেশে বালিকার সংখ্যা অত্যন্ত কম তথাপি অস্বাভাবিকরূপে তথায় কন্যাপণ কেন দিতে হয়? বাঙ্গালা দেশেও ঐ অবস্থা। এ দেশেও পুরুষ অপেক্ষা নারীর সংখ্যা কম, তথাপি বাংলা দেশে কন্যাপণ প্রথা চলিতেছে। পণপ্রথা দূর করিবার জন্য এদেশে বহু সভা হইয়াছে। অনেক সভায় বহু যুবক পণ লইয়া বিবাহ করিবনা বলিয়া প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছে, তথাপি বাংলা দেশ হইতে পণপ্রথা দূর হয় নাই। পণপ্রথার জন্য বহু অবিবাহিতা নারী আত্মবিসর্জ্জন দিয়া পরিবারকে অর্থাভাবের সমস্যা হইতে মুক্ত করিয়াছে। বাঙ্গালীগণ আজও বুঝিতে পারিতেছে না, যে এইভাবে নিজেদের ধ্বংস হইবার পথ তাহারা নিজেরাই তৈয়ারী করিতেছে। একে নারীর সংখ্যা কম হওয়ায় কয়েক লক্ষ বাঙ্গালা অবিবাহিত থাকিতে বাধ্য হইবে বলিয়া ক্রমেই বাঙ্গালার সংখ্যা কমিয়া যাইবে, তাহার উপর এরূপ অস্বাভাবিক সামাজিক চাপে যদি নারীগণ আত্মহত্যা করিয়া সমাজের কবল হইতে মুক্তি লাভের চেষ্টা করে তবে বাঙ্গালী দ্রুত ধ্বংসের পথে যাইবে। বাঙ্গালা দেশের এইরূপ কন্যাপণ প্রথা বন্ধ করিবার জন্য আইন গঠন প্রয়োজন। আজ পর্য্যন্ত যখন বাঙ্গালার বিবেক জাগ্রত হইল না তখন আইন গঠন ব্যতীত গত্যন্তর নাই।

"সঞ্জীবনী"

ঘুমন্ত অবস্থায় জীবন্ত দগ্ধ

যুক্তপ্রদেশ-ঝান্সি হইতে এক ব্যক্তি লিখিয়াছেন,—ভিন্দ হইতে একটী বিবাহিতা যুবতীর শোচনীয় মৃত্যু-সংবাদ আসিয়াছে। প্রকাশ যে, যুবতী রাত্রিতে তাহার স্বামীর সহিত খাটে নিদ্রা যাইতেছিল। এই সময় একটী ইঁদুর একটী মাটির প্রদীপ হইতে জলন্ত পলিতা টানিয়া লয় এবং উহা খাটের উপর ফেলিয়া চলিয়া যায়। ফলে, বিছানায় আগুন ধরিয়া যায় এবং দম্পতিযুগল অগ্নিশয্যা পার্শ্বেষ্টিত হইয়া পড়ে। ক্রমে সমস্ত ঘরে আগুন ছড়াইয়া পড়ে। তাহারা সাহায্যের জন্য আর্ত্তনাদ করিতে থাকে, কিন্তু সেই সময় বৃষ্টি হইতে থাকায় বহুক্ষণ ধরিয়া কেহই তাহাদের আর্ত্তনাদ শুনিতে পায় না। অবশেষে অন্যান্য লোক তাহাদিগকে সাহায্য করিতে আসিয়া যুবতীটি জীবন্ত দগ্ধ হইয়াছে দেখিতে পায়। যুবতীর স্বামীকে অতি কষ্টে রক্ষা করা হয়। তাহার অবস্থা সঙ্কটাপন্ন।

ভ্রম সংশোধন

গত ১৮ই মাঘ তারিখের 'জঙ্গিপুর সংবাদে' নীলামের বিজ্ঞাপনে ১০৫৮ খাজনা জারী ও ১০৫৯ খাজনা জারী দ্বিতীয় কোর্ট কলমে ছাপা হইয়াছে। উক্ত নম্বর দুইটী প্রথম কোর্ট হইবে। সম্পাদক জং সং।

নীলামের ইস্তাহার

চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত

নীলামের দিন ১০ই ফেব্রুয়ারী ১৯৩৯।

১১০৪ থাং ডিঃ রসরাজ রায় দীং দেং হাজি ইয়াকুব সেথ দীং দাবি ১২।৴৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে ভাবকী ৩৯ শতকের কাত ৲৷৶১৭৷৷ আঃ ৫৲ খং ৩৫১

১১০৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৲২।৶৩ মৌজাদি ঐ ১-৮৬ শতকের কাত ৫৲ আঃ ১০৲ খং ৩৫০

চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

নীলামের দিন ১৩ই ফেব্রুয়ারী ১৯৩৯

২৮৭ মনি ডিঃ অধরচন্দ্র মণ্ডল দেং পশুপতি দাস দীং দাবি ৩১।০ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ১-২৬ শতকের কাত ৭৲ আঃ ২৫৲ খং ২৫৬

১০৮ মনি ডিঃ নৃপেন্দ্রনাথ বসু সর্ব্বাধিকারী দেং দ্বারক মণ্ডল দীং নাবালক পক্ষে কোর্ট গার্জ্জেন শ্যামাপদ মুখোপাধ্যায় দাবি ৬৩।৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেথালিপুর ১-৭৩ শতকের কাত ১৭।০ আঃ ১০৲ খং ৬০০ রায়ত স্থিতিবান দেন্দারের অর্দ্ধাংশ নীলাম হইবে।

চৌকী জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

নীলামের দিন ১৬ই ফেব্রুয়ারী ১৯৩৯।

৪০১ রেহান ডিঃ চৈতন্য দাস গোস্বামী দেং লুৎফল হক বিশ্বাস দীং দাবি ১৬১৷৶০ থানা সাগরদীঘি মৌজে আমলাবাড়ী ২-৪২ শতকের কাত ৭।৩ আঃ ৭৫৲ খং ১৪১

চৌকী জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

নীলামের দিন ২০শে ফেব্রুয়ারী ১৯৩৯।

১৭ থাং ডিঃ শ্রীমতী রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং সুরাতন বিবি দীং দাবি ১৭৮৴৯ থানা সমসেরগঞ্জ মৌজে কুলী ৮৮ শতকের কাত ২।৴৬ আঃ ১০৲ খং ৮০০

১৮ থাং ডিঃ ঐ দেং পোলাদ মোমিন দাবি ১৪৴৬ ঐ মৌজাদিতে ৫৮ শতকের কাত ১৷৶০ আঃ ১০৲ খং ১৪১৯ রায়ত স্থিতিবান

১৯ থাং ডিঃ ঐ দেং সুরাতন বিবি দাবি ১৮৷৷৯ ঐ মৌজাদিতে ৮০ শতকের কাত ২৷৶০ আঃ ১০৲ খং ৮৪৩ রায়ত মোকররী

২০ থাং ডিঃ ঐ দেং জ্ঞানেন্দ্রনাথ রায় দীং দাবি ১৬৫৷৶৬ ঐ মৌজাদিতে ১৯-৬৩ শতকের কাত ২৫৮৷৶৫ আঃ ১০০৲ খং ১৮৮১।১৮৯৪

২২ থাং ডিঃ ঐ দেং তুফার সেখ দাবি ২৫৮৬ ঐ মৌজাদিতে ১-২৩ শতকের কাত ৬৮০ আঃ ১৫৲ খং ৩৬

২৩ থাং ডিঃ ঐ দেং দোস্ত মহম্মদ সেখ দীং দাবি ২১৷৷৴৯ ঐ মৌজাদিতে ৪০ শতকের কাত ২৮৶৭ আঃ ১০৲ খং ১৫৯৯

১৩৭৩ থাং ডিঃ ঐ দেং ফণিভূষণ চৌধুরী দাবি ৯৭৮৯ ঐ মৌজাদিতে ৭-১৪ শতকের কাত ১৬৶২ আঃ ৭৫৲ খং ৪৩২

১৩৭৪ থাং ডিঃ ঐ দেং আজিজ মণ্ডল দাবি ১৬৷৶৩ ঐ মৌজাদিতে ৩৮ শতকের কাত ২৴৩ আঃ ১০৲ খং ৬০৬ মোকররী

১৩৭১ থাং ডিঃ ঐ দেং খুসী মোমিন দাবি ১৫৮৴০ ঐ মৌজাদিতে ৯২ শতকের কাত ২৬ আঃ ১০৲ খং ৭৬৮

১৩৭২ থাং ডিঃ ঐ দেং বাসদ্দি মোমিন দাবি ৯৷৶৩ ঐ মৌজাদিতে ৩৪ শতকের কাত ৬৶৬ পাই আঃ ৪৲ খং ১১৭৫

১৩৭৫ থাং ডিঃ ঐ দেং কলিমদ্দিন সেখ দাবি ২১৬৯ ঐ মৌজাদিতে ৫১ শতকের কাত ২৮৶০ আঃ ১৫৲ খং ৯৯১

১৩৭৬ থাং ডিঃ ঐ দেং সেকেন্দার বিশ্বাস দীং দাবি ৪৪৷৶৩ ঐ মৌজাদিতে ১-৪৮ শতকের কাত ৭৲ আঃ ৩০৲ খং ১৮৭

১৩৭৭ থাং ডিঃ ঐ দেং কলিমুদ্দিন সেখ দীং দাবি ৪২৮৷৶৬ ঐ মৌজাদিতে ১-৯৯ শতকের কাত ৬৷৷৶৬ আঃ ২৫৲ খং ৩১৮

১৩৭৮ থাং ডিঃ ঐ দেং সুবরণী মণ্ডলানী দাবি ৩১৷৷৪ ঐ মৌজাদিতে ২৮০। বিঘার কাত ৪৮২ আঃ ২০৲ খং ৯৭৫।৯১৭।১৩৫০।১৩১২

১৩৭৯ থাং ডিঃ ঐ দেং সৌরবিনী দাসী দীং দাবি ১৪৶০ ঐ মৌজাদিতে ৩৯ শতকের কাত ১।১ আঃ ৫৲ খং ১১৯৯ মোকররী

১৩৮০ থাং ডিঃ ঐ দেং গরিবুল্যা সেখ দীং দাবি ২০৮৶০ ঐ মৌজাদিতে ৪১ শতকের কাত ৩৶৩ আঃ ১০৲ খং ১২৮২

১৩৮১ থাং ডিঃ ঐ দেং গাম্ভির সেখ দাবি ১২৮৷৶৬ ঐ মৌজাদিতে ২০ শতকের কাত ১৷৶৬ আঃ ৫৲ খং ১২৮৫

১৩৮২ থাং ডিঃ ঐ দেং গোবিন্দ মণ্ডল দাবি ২৫৷৷৴৩ ঐ মৌজাদিতে ৬৷১। বিঘার কাত ৩৷৶৬ আঃ ১৫৲ খং ২৮৪

১৩৮৩ থাং ডিঃ ঐ দেং জয়া ঘোষাইন দাবি ২৪৮৶৯ ঐ মৌজাদিতে ৪৬ শতকের কাত ৩৷৷৴৬ আঃ ১৫৲ খং ৯১২ মোকররী

১০৫৫ থাং ডিঃ গোপেশ্বরী দাসী দেং কিশোরী দলই দাবি ৫৮৴৬ থানা সাগরদীঘি মৌজে তেলাঙ্গল ২০ শতক মধ্যে ৭ শতকের কাত হারাহারী মতে ।৴০ আঃ ১৫৲ খং ২৩৮ ২নং লাট ঐ মৌজাদিতে ৬৮ শতকের মধ্যে ৪০ শতকের কাত হারাহারী মতে ১৷৶০ আঃ ১৫৲ খং ২৫৭

৩১ থাং ডিঃ মহান্ত গণপতি দাস গোস্বামী দেং তরঙ্গিনী দাসী দাবি ১১৮৬ থানা সাগরদীঘি মৌজে নাগেশ্বরবাটী ১-৩৪ শতকের কাত ৫৲ আঃ ৫৲ খং ৫৫৬

৩২ থাং ডিঃ ঐ দেং রাধিকাপ্রসাদ সাহা দাবি ১২৷৶৬ ঐ মৌজাদিতে ১-৮৩ শতকের কাত ৫৷৶০ আঃ ৫৲ খং ৪৮৪

৩৮ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং কেদার নাথ সিংহ দাবি ২৪৴৬ থানা সমসেরগঞ্জ মৌজে বোনিয়াগ্রাম ২-২২ শতকের কাত ৭৷৶৬ আঃ ১০৲ খং ৮৯২

৩৯ থাং ডিঃ ঐ দেং গদাধর মুচি দীং দাবি ১৫৶০ থানা ঐ মৌজে সাহানগর ৩২ শতকের কাত ১৮৶০ আঃ ৫৲ খং ৯০

৪২ থাং ডিঃ ঐ দেং বিবি সাহিমন নেসা দাবি ৩৪৴৬ থানা ঐ মৌজে কাশিনগর ১-০১ শতকের কাত ৫৶১১ আঃ ১৫৲ খং ১৯১

৪৩ থাং ডিঃ ঐ দেং রুদ্দীন মোমিন দীং দাবি ৩০৴৯ থানা ঐ মৌজে আক্কুয়া ৯৫ শতকের কাত ৪৷৷০ আঃ ১৫৲ খং ৩০৭

১২৫২ থাং ডিঃ গৌরচন্দ্র দত্ত দেং জাগির সেখ দীং দাবি ১২৷৷৶০ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপপুর ৩৮৩৷৷ বিঘার কাত ৪৮৯ আঃ ১০৲ খং ১৯

১০০৬ থাং ডিঃ ঐ দেং শোভান সেখ দীং দাবি ১৫৷৴৩ থানা সুতী মৌজে গোঠা ৩।২৷৷ বিঘার কাত ৬৷৷৴১৭ আঃ ১০৲ খং ১৪৬

১৩৫৯ থাং ডিঃ কৃষ্ণচন্দ্র সাহা দীং দেং হুরু মোমিন দীং দাবি ২২৷৷৶৯ থানা সমসেরগঞ্জ মৌজে ধুলাপাড়া ২৪ শতকের কাত ১৷৷৶১২৷৷ আঃ ৮৲ খং ৫৮২

১৩৬০ থাং ডিঃ ঐ দেং রাখালচন্দ্র সাহা দীং দাবি ৩৫৮৯ ঐ মৌজাদিতে ১-৬০ শতকের কাত ৪।৴৬ আঃ ২০৲ খং ৫৬৯

শিক্ষক মহাশয়গণের নিকট নিবেদন

আমরা ইংরাজী ও বাংলা ভাষায় উৎকৃষ্ট কাগজে স্কুলের প্রয়োজনীয় সকল প্রকার হাজিরা বহি, ভর্ত্তি বহি ট্রান্সফার সার্টিফিকেট, বেতন আদায়ের রসিদ বহি প্রভৃতি মজুত রাখিয়াছি। দরকার হইলে আমাদের নিকট হইতে লইবেন। খাতাগুলি ভালভাবে বাইণ্ডিং করা।

বাংলা ভাষায় (প্রাইমারী স্কুলের জন্য)

হাজিরা বহি (২০ পাতার)	।৴০
„ ৪০ „	।৶০
ভর্ত্তি বহি … …	।৶০
ট্রান্সফার সার্টিফিকেট (২০ পাতার)	।৴০
রসিদ বহি (১০০ পাতার)	।০

Fo M. E. & H. E. SCHOOLS.

Students' Attendance Register with Fee realisation (25 pages)	-/10/-
Teachers' Attedance (25 pages)	-/10/-
First Admission Form (100 sheets)	1/4/-
Transfer Certificate (100 sheets) (Triplicate.)	2/8/-
Receipt Book (for fee collection) (100 pages in each Book)	-/4/-
Letter Heading ½ Foolscap size 100 … …	-/10/-
Do. ¼ Foolscap 100	-/8/-

ফরম সাপ্লাইং এজেন্সী

পণ্ডিত প্রেস

পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

বহু গভর্ণমেণ্ট অফিসার কর্ত্তৃক উচ্চপ্রশংসিত ও পৃষ্ঠপোষিত

প্রসিদ্ধ স্বর্ণ রৌপ্য অলঙ্কার গৃহ

এখানে হাল ফ্যাসানের গিনি সোনার আর্মলেট, ভাটিয় চুড়ি, মপচেন, আডাই পেঁচি ও কানবালা প্রভৃতি অলঙ্কার ও চাঁদি রূপার বাসনাদি সুলভে প্রস্তুত হয়। ফটো মীনা, পেণ্টীং মীনা ও জুয়েলারী কাজ অতি উত্তম প্রস্তুত হয়। মজুরী যথেষ্ট সুলভ। সোনার জন্য গ্যারাণ্টি দেওয়া হয়। প্রস্তুত অলঙ্কার ষ্টকে সর্ব্বদা মজুত থাকে। আর্জেণ্ট অর্ডার ২৪ ঘণ্টায় দেওয়া হয়। মফঃস্বলের অর্ডার ভিঃ পিঃ ডাকযোগে সত্বর পাঠান হয়।

ঘড়ির দোকান।

এই দোকানে কলিকাতার দরে উচ্চ কমিশনে সকল কোম্পানীর ঘড়ি বিক্রয় ও সাপ্লাই হয় এবং সুদক্ষ কারিগর দ্বারা মেরামত হয়। স্কুল কলেজের ছাত্রদিগকে স্পেশ্যাল কমিশন দেওয়া হয়। ১০।১২ টাকায় উত্তম রিষ্ট ওয়াচ পাইবেন।

সকলের সহানুভূতি ও পরীক্ষা প্রার্থনীয়।

প্রোঃ এন, দেবী

জুয়েলার এণ্ড অর্ডার সাপ্লায়ার

c/o নীলরতন কর্ম্মকার মোক্তার।

রঘুনাথগঞ্জ পোষ্ট, জেলা মুর্শিদাবাদ।

রেল ষ্টেশন—জঙ্গিপুর রোড, ই, আই, আর।

সস্তায় রবার ষ্ট্যাম্প

সকল প্রকার রবার ষ্ট্যাম্প এক সপ্তাহ মধ্যে সরবরাহ করা হয়। সমস্ত ষ্ট্যাম্প কলিকাতায় প্রস্তুত এবং কলিকাতার অন্যান্য কারখানা অপেক্ষা জিনিষ ভাল অথচ দামে সস্তা। রবারের পকেট প্রেস, ডেটিং ষ্ট্যাম্প, সেল্‌ফ ইঙ্কিং প্যাড ও কালী সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

প্রাপ্তিস্থান—"পণ্ডিত-প্রেস"

পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

টসের চা

তারা বার্লী

আমাদের বিশেষত্ব

আমাদের এই তারা বার্লী আধুনিক উন্নত বৈজ্ঞানিক প্রণালী অনুযায়ী মেসিনে এবং সেই শক্তিবান বার্লী বিশেষজ্ঞ শ্রীযুক্ত টি পি, বসু মহাশয়ের চাক্ষুষ ও সংশ্লিষ্ট তত্ত্বাবধানতায় প্রস্তুত। ইহারই একমাত্র বিজ্ঞ কর্ম্ম দক্ষতায় একদিন এসিয়া মহাদেশের সুপ্রসিদ্ধ বিস্কুট ও বার্লী প্রস্তুত কারক স্বনামধন্য স্বর্গীয় (শ্রীযুক্ত) কে, সি, বসু মহাশয় বিস্কুট ও বার্লী প্রচলন করিয়া জগতে আদর্শ স্থানীয় হইয়া ছিলেন। এই ব্যবসায় ইহার অভিজ্ঞতা ১৬ বৎসরের ও অধিক কালের। ইহা হস্ত পৃষ্ঠ নহে।

টি, পি, বসু এণ্ড কোম্পানী লিঃ
তারা ভিটাফুড ফ্যাক্টরী
পোঃ বাগবাজার কলিকাতা

বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

এখানে মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইয়াছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।

সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র অপেরীণ ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কার্ব্বঙ্কল, বিড়ালী, ঠুনকা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমুল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য বড় শিশি ১৲, ছোট শিশি।৵৹

ভাইট্যালী—{ ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তিবর্দ্ধক।

ডাক্তার আনন্দ ঋষি মরা মানুষ বাঁচাইতে পারিতেন। কিন্তু তিনি আর ইহজগতে নাই। তিনি জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন। মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। যাঁহারা মেহ, প্রমেহ, ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার (জীবনীশক্তি) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য বার আনা মাত্র। ডাক মাশুল সমেত ১৲ এক টাকা।

প্রাপ্তিস্থান ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵৹, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ৴৹ কমিশন বাদ

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

আপনাদের—
স্বাস্থ্যের সমস্যা
সমাধান করবে

সুরবল্লী কষায়।

রক্ত পরিষ্কারক পুষ্টিকর সালসা।

শরীরের নষ্টশক্তি উদ্ধার করে।

রক্তদোষ জনিত রোগের পক্ষে এর চেয়ে ভাল ওষুধ আর নেই।

—সুরবল্লী কষায়—

প্রকৃত আয়ুর্ব্বেদীয় সালসা।

বিশ্বস্ত ডাক্তারখানায় পাওয়া যায়।

ম্যালেরিয়ার—
অত্যাচার!
ভয় করবার কিছুই নেই।

অমৃতাদি বটিকা

সকল রকম দুরূহ ম্যালেরিয়া সারিয়ে দেয়।

(এটীও "আয়ুর্ব্বেদ" মতে বাছাই জিনিষে তৈরী।)

সি, কে, সেন এণ্ড কোং লিঃ
—কলিকাতা—

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ
শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ, এফ সি এস (লণ্ডন)
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

ব্রাঞ্চঃ—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা) ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জামসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনসুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর * রেঙ্গুন (২০৮ লুইস ষ্ট্রীট) ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ)।

লণ্ডন এজেন্সি—হাই-হলবরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲